



বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়

বন্দর, চট্টগ্রাম - ৪১০০১

ফোন নং - ২৫২১২১১, পি.এ.বি.এস - ২৫২২২০০-২৯, এফ - ৫৩২১

E-mail: cpahs104247@gmail.com

www.cpahs.edu.bd

তারিখ-১৬/১১/২০২২খ্রিঃ


ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ-২০২৩ খ্রিঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়ের ২০২৩ইং শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে লটারির মাধ্যমে সীমিত সংখ্যক আসনে ছাত্রদের ভর্তি করা হইবে।

ভর্তি সংক্রান্ত পালনীয় বিষয়াদি নিম্নে প্রদান করা হল

- ০১। ভর্তি ফরম বিতরণের তারিখ ২০/১১/২০২২ থেকে ০৫/১২/২০২২ খ্রিঃ (সকালঃ ৯ টা হতে দুপুরঃ ১২টা)।
- ০২। পূরণকৃত ফরম জমা দেয়ার তারিখ ০১/১২/২০২২ থেকে ০৮/১২/২০২২ খ্রিঃ (সকালঃ ৯ টা হতে দুপুরঃ ১২টা)।
- ০৩। ভর্তি ফরমের মূল্য-পোষ্য-৫০/- (পঞ্চাশ) এবং বহিরাগত-১০০/- (একশত) টাকা।
- ০৪। লটারী অনুষ্ঠানের তারিখ ১৯/১২/২০২২ খ্রিঃ (সোমবার) (দুপুর ১২:০০ টা) লটারী অনুষ্ঠান সরাসরি সম্প্রচারিত হবে। সরাসরি সংযুক্ত হওয়ার লিংক- www.facebook.com/chittagong-port-authority-high-school-1061258190599681
- ০৫। ফলাফল লটারী অনুষ্ঠানের পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে বিদ্যালয় ওয়েবসাইট (www.cpahs.edu.bd) ও নোটিশ বোর্ডে দেয়া হবে।
- ০৬। ভর্তি ফরমে প্রদত্ত ক্রমিক নম্বরই সংশ্লিষ্ট শিক্ষার্থীর রোল নং হিসাবে বিবেচিত হবে।
- ০৭। শুধুমাত্র লটারীর মাধ্যমে ধারাবাহিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকেই শূণ্য আসনে ভর্তি করা হবে।
- ০৮। ভর্তি ফরম জমাদানের সময় সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙ্গিন ছবিসহ নিম্ন লিখিত দলিলাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
 - ক) পিতা-মাতা বন্দরের কর্মকর্তা/কর্মচারি হলে পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
 - খ) পিতা-মাতা বন্দরের কর্মকর্তা/কর্মচারির মেডিক্যাল বই এ উল্লিখিত নির্ভরশীলদের তালিকার সত্যায়িত ফটোকপি।
 - গ) পিতা-মাতার NID এর সত্যায়িত ফটোকপি।
 - ঘ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
 - ঙ) ৫ম শ্রেণির শাখা ও রোল নং উল্লেখপূর্বক প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত অধ্যয়নের প্রত্যয়ন পত্রের মূলকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।
- ০৯। অনিবার্য কারণ বশতঃ উল্লিখিত শর্ত ও বিষয়াদির কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করা হলে তা যথাসময়ে বিদ্যালয়ে বিজ্ঞপ্তি এবং বিদ্যালয় ওয়েবসাইট (www.cpahs.edu.bd) এর মাধ্যমে প্রচার করা হবে।


প্রধান শিক্ষক

বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়
প্রধান শিক্ষক
বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়
বন্দর, চট্টগ্রাম।

বিশেষ দৃষ্টব্যঃ

- ❖ কোন প্রকার তদবির বা সুপারিশ গ্রহণযোগ্য নয়, শুধুমাত্র লটারির মাধ্যমে নির্বাচিত ছাত্ররাই ভর্তিযোগ্য।
- ❖ বন্দরের পোষ্য/নির্ভরশীল অর্থে কর্মকর্তা/কর্মচারীর ছেলে বুঝায় এবং ২১ বছরের অনূর্ধ্ব পিতৃহীন ভাই বা বৈমাত্রেয় ভাই বুঝায় যদি তাহারা কর্মকর্তা/কর্মচারীর উপর সম্পূর্ণ নির্ভরশীল হইয়া থাকে এবং পিতা জীবিত না থাকেন।
- ❖ পিতা/মাতা এর নামের পাশে/নিচে যোগাযোগ ও SMS এর জন্য উল্লেখ করতে হবে এবং তা সচল রাখতে হবে।
- ❖ ভর্তির সময় অবশ্যই "প্রবেশ পত্র" প্রদর্শন করতে হবে (প্রবেশপত্র পরে যথাসময়ে দেওয়া হবে)।
- ❖ ভর্তি ফরমে কোন তথ্য অপূরণকৃত থাকিলে তা সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- ❖ প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি বা প্রয়োজনীয় কাগজপত্র না দিলে সত্যায়িত করে জমা দিতে হবে।
- ❖ উক্ত বিজ্ঞপ্তি এবং ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল ও ভর্তির সময় বিদ্যালয় নোটিশবোর্ড এবং বিদ্যালয় ওয়েবসাইট (www.cpahs.edu.bd) এ দেওয়া হবে।